# ট্রান্স ওয়ার্ল্ড রেডিও পুরুষদের জন্য প্রার্থনা ক্যালেণ্ডার, আগস্ট ২০২৩

**১। প্রকৃত ভালো হওয়া** – "হে ঈশ্বর, ভালো হওয়ার জন্য আমি কঠোর চেষ্টা করেছি। কিন্তু আমি যত কঠোরভাবে চেষ্টা করি না কেন তা কখনও যথেষ্ট হয় না। আমি কৃতজ্ঞ যে তুমি আমাকে দেখিয়েছো যে প্রকৃত ভালো হওয়ার উৎস কেবল তোমার কাছ থেকে আসে। কেবল তুমিই উত্তম। আমার মাধ্যমে তোমার উত্তম এবং নিখুঁত কার্যসকল সম্পাদন করার জন্য তোমাকে ধন্যবাদ! (মথি ১৯:১৬,১৭)

**২। অনুগ্রহ প্রতিরোধকারী** – হে প্রভু, যখনই আমি কিছু করার জন্য উদ্যোগী হতাম, কিছু একটা আমার পথে বাধা হতো।তারপর আমি উপলব্ধি করেছিলাম যে আমার জন্যেই এই বাধার সৃষ্টি হয়।আমার আন্তরিক মানবিক প্রচেষ্টা প্রকৃতভাবে আত্মাকে নির্বাপিত করতো। সেই কারণে, আমি আমার মাংসিক প্রচেষ্টাগুলির জন্য অনুতাপ করি এবং আমাকে শক্তিশালী করার জন্য তোমার পর্যাপ্ত অনুগ্রহ লাভ করি। (গালাতীয় ২:২১)

**৩। মনোনীত** – "প্রিয় ঈশ্বর, আমাদের প্রতি তুমি যে মহান প্রেম দেখিয়েছো সেই বিষয়ে আমি তোমার প্রতি সম্ভ্রমসহ দাঁড়িয়ে আছি। এমনকী এই জগৎ সৃষ্টির পূর্বে তোমার ভালোবাসা তোমাকে আমাদের মনোনীত করতে বাধ্য করেছিল। আমি কৃতজ্ঞ যে তুমি আমাকে মনোনীত করেছিলে কারণ তুমি আমাকে চেয়েছিলে।খ্রীষ্টে পবিত্র এবং নিষ্কলঙ্ক অবস্থায় তোমার সঙ্গে থাকার জন্য তুমি আমাকে ব্যক্তিগতভাবে খ্রীষ্টকে লাভ করতে দিয়েছিলে।(ইফিষীয় ১:৪)

**৪।ঈশ্বরের পরিবারের মধ্যে দত্তকরূপে গৃহীত হওয়া** – হে প্রভু, আমাকে অন্তর্ভূক্ত করার তোমার পরিকল্পনায় বিস্ময়ে অভিভূত হয়েছি।তোমার ইচ্ছায় আমাকে তোমার পরিবারে অন্তর্ভূক্ত করার জন্য আমি অত্যন্ত কৃতজ্ঞ। হে পিতা ঈশ্বর, যীশু খ্রীষ্টের জন্য আমি তোমার প্রশংসা করি, যিনি এক অপরিহার্য সংযোগ যা আমাকে তোমার সঙ্গে সংযুক্ত করেছে। তোমার আশ্চর্য জীবনে অংশগ্রহণ করার সুযোগটির উদ্দেশে আমাকে দত্তকরূপে গ্রহণ করার জন্য তোমাকে ধন্যবাদ। (ইফিষীয় ১:৫)

**৫। খ্রীষ্টে গৃহীত হওয়া** – হে স্বর্গীয় পিতা, নিঃশর্তভাবে আমাকে গ্রহণ করার জন্য আমি অত্যন্ত কৃতজ্ঞ।পিতার কাছে আমাকে গ্রহণযোগ্য করার জন্য, হে যীশু তোমাকে ধন্যবাদ। যেহেতু আমি যীশুকে আমার জীবনে গ্রহণ করেছিলাম সেহেতু আর প্রত্যাখ্যান নেই।

এখন খ্রীষ্ট আমার মধ্যে আছেন, আপনি আমার পক্ষে এবং আমি ঈশ্বরের প্রিয় পুত্রে গ্রাহ্য হয়েছি! (ইফিষীয় ১:৬)

**৬। যখন এটি আহত করে** – কেউ আহত হতে চায় না। হাসপাতালগুলিতে ব্যাথার উপশম করানোর বিষয়টির সব থেকে অধিক প্রাধান্য দেওয়া হয়। প্রেরিত পৌল বুঝতে পেরেছিলেন যে ঈশ্বরের পথগুলো আমাদের নয় এবং তিনি লিখেছিলেন যে আমরা "আমরা ক্লেশের মধ্যে শ্লাঘা করতে পারি"। প্রার্থনা করুন যাতে পুরুষ হিসাবে আমরা যেন আমাদের ক্লেশগুলিকে ঈশ্বরের কামারশালায় হাতুড়ির মতো দেখতে পারি যা আমাদের চরিত্রগঠনের জন্য এবং আমাদের বিশ্বাস নির্মাণ করার জন্য ঈশ্বর ব্যবহার করেন। (রোমীয় ৫:১–১০)

**৭। ক্লেশ ধৈর্য উৎপন্ন করে** (রোমীয় ৫:১–১০) – ধৈর্য পবিত্র আত্মার একটি ফল।(গালাতীয় ৫:২২) আমাদের ধৈর্য বৃদ্ধি করার জন্য ঈশ্বর আমাদের ক্লেশগুলি ব্যবহার করেন। তাঁর ফল উৎপন্ন করার উদ্দেশ্যে পবিত্র আত্মায় পূর্ণ হওয়ার জন্য প্রার্থনা করুন।

**৮। ধৈর্য চরিত্র গঠন করে** (রোমীয় ৫:১–১০)– চরিত্র হচ্ছে প্রকৃতভাবে আমরা কে যখন যশ বা সুনাম হচ্ছে অন্যরা আমাদের সম্পের্ক কী চিন্তা করে। আমি যদি খ্রীষ্টে আমার চারিত্রিক রূপান্তরের বিষয়টির উপর আলোকপাত করি, তখন আমার সুনাম নিজের মর্যাদার তত্বাবধানের ভার গ্রহণ করে। একটি শান্ত, ধৈর্যের চরিত্র হচ্ছে আমার জীবনের ক্লেশগুলি ঈশ্বর কর্তৃক ব্যবহৃত হওয়ার ফল। পুনরায় নীরব হওয়ার বিষয় এবং অধ্যবসায়ী হওয়ার জন্য প্রার্থনা করুন।

**৯।চরিত্র প্রত্যাশা উৎপন্ন করে** (রোমীয় ৫:১–১০)– এমন একজন পুরুষ হওয়ার জন্য প্রার্থনা করুন যাঁর ঈশ্বরীয় চরিত্র এবং ঈশ্বরের সঙ্গে চলার অভিজ্ঞতা ঈশ্বরের সার্বভৌম শক্তির মধ্যে প্রত্যাশার ভরসাস্থলের মতো, যা জীবনের ঝড়ের মধ্যেও টিকে থাকে।

**১০।শান্তি** – শান্তি ঝড়ের অনুপস্থিতি নয়, কিন্তু খ্রীষ্টের উপস্থিতি। প্রার্থনা করুন যাতে পুরুষরা খ্রীষ্টের উপস্থিতির চেতনা উৎপন্ন করতে পারে এবং যে কোনও ক্লেশের মাধ্যমে তাঁর সঙ্গে সহভাগিতার মধ্যে চলতে পারে।

**১১।বীজ বপন করা** – আপনাকে খ্রীষ্টের অনুগামী হিসাবে, সুসমাচারের বীজ বপন করার সুযোগ প্রদত্ত হয়েছে। যাইহোক, শস্য সংগ্রহের জন্য প্রভু দায়ী। আজ তাঁকে ধন্যবাদ দিন যে আপনি স্বর্গ এবং পৃথিবীর সৃষ্টিকর্তার সঙ্গে অংশগ্রহণকারী হওয়ার যোগ্য বিবেচিত হয়েছেন। (মার্ক ৪:২–৮)

**১২। একটি পবিত্র জীবন** – পবিত্র আত্মা আমাদের খ্রীষ্টের অনুগামী থেকে আমাদের প্রভুর প্রতিমূর্তিতে প্রতিদিন রূপান্তরিত করছেন, কিন্তু আমাদের সিদ্ধান্ত নিতে হয় আমাদের উপর তাঁর কতটা প্রভাব থাকবে। প্রার্থনা করুন যাতে আজ আমাদের জীবনে পবিত্র আত্মার প্রচুর জায়গা থাকে। (ইফিষীয় ৫:১৮)।

**১৩।অস্ত্রগুলি** – আমরা যীশুর অনুগামী হওয়ার কারণে মন্দ শক্তিগুলি অবিরত আমাদের আক্রমণ করছে।যাইহোক, ঈশ্বর আমাদের বিভিন্ন অস্ত্র দিয়েছেন যা আমাদের শত্রুদের থেকে অধিক শক্তিশালী। "কারণ আমাদের যুদ্ধের অস্ত্রশস্ত্র মাংসিক নহে...।" (২ করি ১০:৪)। প্রভুর প্রসংসা হোক!

**১৪।সুসমাচার অপ্রসারিত** – যোশূয়া প্রকল্প অনুসারে, এখনও পৃথিবীতে ৭,০০০ এর অধিক জাতিগোষ্ঠী আছে যারা সুসমাচারের বার্তা শোনেনি। প্রার্থনা করুন যাতে মিশন সংগঠনগুলি ঐ জাতিগোষ্ঠীগুলির মধ্যে পৌছাতে সফল হন। "আর সর্ব্বজাতির কাছে সাক্ষ্য দিবার নিমিত্ত রাজ্যের এই সুসমাচার সমুদয় জগতে প্রচার করা যাইবে..." (মথি ২৪:১৪)

**১৫।অবহিত হওয়া** – খ্রীষ্টের জন্য সাক্ষী হিসাবে আমাদের ভূমিকা সম্পূর্ণ করার জন্য, পৃথিবীর লবণ এবং জগতের জ্যোতি হওয়ার জন্য, আমাদের সোসাইটির সঙ্গে যুক্ত হওয়া প্রয়োজন। যা ন্যায্য এবং ঈশ্বরকে সম্মানিত করবে সেই বিষয় কথা বলার জন্য উত্তমরূপে সমস্ত তথ্য অবহিত হন। "হে মনুষ্য সন্তান,আমি তোমাকেই ইস্রায়েল-কুলের প্রহরী নিযুক্ত করিলাম" (যিহিষ্কেল ৩৩:৭)

**১৬। মনযোগী হন** – "চক্ষু তুলিয়া ক্ষেত্রের দিকে দৃষ্টিপাত কর, শস্য এখনি কাটিবার মত শ্বেতবর্ণ হইয়াছে" (যোহন ৪:৩৫খ)।এই পৃথিবীতে মন্দের অগ্রগতিতে বিহ্বল হওয়ার পরিবর্তে, মুক্ত দৃষ্টির জন্য প্রার্থনা করুন এবং যারা বিভ্রান্ত হয়েছে এবং উত্তরগুলির অন্বেষণ করছে তাদের প্রতি মনযোগী হন। ঈশ্বর সুসমাচারের জন্য অসংখ্য হৃদয় প্রস্তুত করেছেন।

**১৭।শিক্ষাগ্রহণে আগ্রহী হন** – "আইস,বৎসগণ,আমার কথা শুন...মন্দ হইতে দূরে যাও, যাহা ভালো তাহাই কর; শান্তির অন্বেষণ ও অনুধাবন কর" (গীত ৩৪:১৪)। ঈশ্বর যখন বাইবেল এবং পবিত্র আত্মার মাধ্যমে আপনার সঙ্গে কথা বলবেন তখন শিক্ষাগ্রহণে আগ্রহী হন। নম্র এবং ইচ্ছুক আত্মার জন্য প্রার্থনা করুন এবং পবিত্র

শাস্ত্রের মাধ্যমে যারা তাঁর সেবা করেন তাদের মাধ্যমে তাঁর সংশোধন গ্রহণ করুন। এটি আপনার মঙ্গলের জন্য।

**১৮। প্রস্তুত হন** – "এই জন্য তোমরাও প্রস্তুত থাকো, কেননা যে দণ্ড তোমরা মনে করিবে না, সেই দণ্ডে মনুষ্যপুত্র আসিবেন" (মথি ২৪:৪৪)। জীবন ভঙ্গুর এবং অনিশ্চিত; কোনও কিছুই চিরকাল থাকে না কিন্তু ঈশ্বরের বাক্য চিরস্থায়ী। ঈশ্বরের বিষয়গুলিকে প্রাধান্য দেওয়ার দ্বারা, তাঁকে এবং ঈশ্বরের রাজ্যের মূল্যবোধগুলিকে প্রথম স্থান দেওয়ার দ্বারা জীবনযাপন করার জন্য প্রার্থনা করুন। তাহলে তিনি যখন আসবেন তখন আপনি প্রস্তুত থাকবেন।

**১৯। বিশ্বস্ত হন** – "এখন,সেই বিশ্বস্ত ও বুদ্ধিমান্ দাস কে, যাহাকে তাহার প্রভু নিজ পরিজনের উপরে নিযুক্ত করিয়াছে, যেন সে তাহাদিগকে উপযুক্ত সময়ে খাদ্য দেয়?" (মথি ২৪:৪৫)। একজন পুরুষ, স্বামী এবং পিতা হিসাবে আপনি আপনার পরিবারে খ্রীষ্টের দাস এবং প্রতিনিধি।প্রভুর সঙ্গে আপনার সম্পর্কের ক্ষেত্রে নির্ভরযোগ্য হন এবং পরিচালনা করার জন্য প্রজ্ঞা লাভের বিষয় প্রার্থনা করুন।

**২০। বিশ্বাসযোগ্য হন** – "আমাকে বিলম্ব করাইবেন না, কেননা সদাপ্রভু আমার যাত্রা সফল করিলেন; আমাকে বিদায় করুন; আমি নিজ কর্ত্তার নিকটে যাই" (আদি ২৪:৫৬)।দম্মেশকের ইলিয়েষর, অব্রাহামের দাসদের অধ্যক্ষ, তাঁকে প্রদত্ত কাজে সম্পূর্ণ বিশ্বস্ত ছিলেন। সর্বদা সদাপ্রভুকে প্রথমে রাখার বিষয়ে তিনি আমাদের অনুপ্রাণিত করেন। এমন একজন মানুষ হওয়ার বিষয়ে প্রার্থনা করুন যিনি তাঁর বিশ্বাসযোগ্যতার মাধ্যমে ঈশ্বরকে সম্মানিত করেন।

**২১। নম্র হও** – "দেখ, তোমার রাজা তোমার কাছে আসিতেছেন;...তিনি নম্র ও গর্দ্দভে উপবিষ্ট..." (সখরিয় ৯:৯)।মানবত্বের প্রকৃত উদাহরণ হচ্ছেন আমাদের ত্রাণকর্তা যীশু খ্রীষ্ট। তিনি তাঁর স্বর্গীয় পদমর্যাদার ক্ষমতাকে একদিকে সরিয়ে রেখেছিলেন, নিজেকে নম্র করেছিলেন এবং ক্রুশের উপর মৃত্যুবরণ করার মাধ্যমে আমাদের উদ্ধার করার জন্য তিনি আমাদের মতো হয়েছিলেন। আপনার জীবনে খ্রীষ্টকে প্রতিফলিত হতে দিন।

**২২।সংবেদনশীল হন** – "তিনি থেৎলা নল ভাঙ্গিবেন না; সধূম শলিতা নির্ব্বাণ করিবেন না" (যিশাইয় ৪৩:৩)। ক্ষমতার লোভ এবং আগ্রাসন হচ্ছে পৃথিবীর এক নায়কত্বের হলমার্ক সেখানে এর সঙ্গে সম্পূর্ণ অসদৃশ ঈশ্বরের রাজ্য হচ্ছে ভগ্ন হৃদয়ের সেই সমস্ত লোকদের পুনরুদ্ধার এবং আরোগ্য। এমন একজন পুরুষ হওয়ার জন্য প্রার্থনা করুন যিনি অন্যদের প্রয়োজনের প্রতি সংবেদনশীল।

**২৩। বিচক্ষণ হন** – "দেখ, কেন্দুয়াদের মধ্যে যেমন মেষ, তেমনি আমি তোমাদিগকে প্রেরণ করিতেছি; অতএব তোমরা সর্পের ন্যায় সতর্ক ও কপোতের ন্যায় অমায়িক হও" (মথি ১০:১৬)।একটি সর্প খুব মনযোগী হয় এবং তার মস্তককে সুরক্ষিত করে।একজন চিন্তাবিদ্ হন।অনন্তকালীন বিষয়গুলো আপনার ফোকাসের বিষয় হোক এবং আপনি জানবেন যে স্বাধীনতা এবং শান্তি এই জগৎ আপনাকে দিতে পারে না। "সদাপ্রভুর ভয় প্রজ্ঞার আরম্ভ" (গীত ১১১:১০)।

**২৪। উৎপাদনশীল হন** – "আমি যে পর্যন্ত না আসি ব্যবসা কর" (লূক ১৯:১৩খ)। আমাদের যা কিছু আছে সব তাঁর সম্মান আনার উদ্দেশ্যে ঈশ্বর কর্তৃক আমাদের প্রদত্ত হয়েছে।জীবনের অন্তিম সীমারেখা আছে, এবং খ্রীষ্টের আগমন নিশ্চিত। প্রথমে কী আসে তা নির্বিশেষে, উৎপাদনশীল হন,এবং আপনি যা এবং আপনার যা আছে তা তাঁর গৌরবের জন্য লাভ উৎপন্ন করার উদ্দেশ্যে ব্যবহার করুন।

**২৫। দায়িত্বশীল হন** – "তুমি আমার মুখে কথা শুনিবে,এবং আমার নামে তাহাদিগকে চেতনা দিবে" (যিহিষ্কেল ৩:১৭)। তাঁর শিষ্যদের উদ্দেশে খ্রীষ্টের শেষ কথাগুলি হলো মথি ২৮:১৮-২০ পদে উল্লিখিত মহান আদেশ। লোকদের প্রভুর প্রয়োজন আছে। বাধ্য হওয়ার ইচ্ছার জন্য এবং পতিত লোকদের ভারসহ একটি হৃদয়ের জন্য প্রার্থনা করুন। আপনার ভালোবাসা এবং বিশ্বাসের উদাহরণ দ্বারা আপনার সন্তানদের জয় করুন।

**২৬।বন্ধুত্বপূর্ণ হন** – "কোমল উত্তর ক্রোধ নিবারণ করে, কিন্তু কটুবাক্য কোপ উত্তেজিত করে" (হিতোপদেশ ১৫:১)। একটি নির্দিষ্ট হরমোনের প্রভাবে পুরুষরা মহিলাদের থেকে সহজেই ক্রোধে প্রতিক্রিয়া করে। আপনার হরমোনের দ্বারা প্রতিক্রিয়া করার পরিবর্তে আত্মা দ্বারা চালিত হওয়ার বিষয় প্রার্থনা করুন। আপনার বন্ধুরা এবং পরিবার আশীর্ব্বাদযুক্ত হবেন।

**২৭। সত্যবাদী হন** – "কিন্তু তোমাদের কথা হাঁ, হাঁ, না, না, হউক; ইহার অতিরিক্ত যাহা, তাহা মন্দ হইতে" (মথি ৫:৩৭)। যীশু যখন সত্যবাদী হওয়ার আদেশ দিয়েছিলেন, তখন তিনি প্রেমময় এবং ক্ষমাশীল হওয়ারও শিক্ষা দিয়েছিলেন। সত্য এবং ভালোবাসা একত্রে চলা উচিৎ। কখন এবং কীভাবে সত্য বলতে হবে সেই বিষয় জানার জন্যে প্রার্থনা করুন এবং মনে রাখবেন, সমস্ত সত্য বলতে হবে না।

**২৮। কঠিন হন** – "ধার্মিক লোক তাল তরুর ন্যায় উৎফুল্ল হইবে" (গীত ৯২:১২)। তাল গাছ নমনীয়, প্রায় ইলাস্টিকের মতো কাঠামোটি ঝড়ের শক্তির সঙ্গে ঝুঁকে যায় এবং ঝড় চলে গেলে আবার স্বস্থানে ফিরে আসে। যুগের পাথরের উপর কঠিনভাবে

ভূমিস্থ হওয়ার জন্য প্রার্থনা করুন এবং জীবনের ঝড়ের মধ্যে কীভাব নমনীয় হতে হবে সেই বিষয় শিখুন।

**২৯।উদার হন** – “যে দরিদ্রকে কৃপা করে, সে সদাপ্রভুকে ঋণ দেয়; তিনি তাহার সেই উপকারের পরিশোধ করিবেন” (হিতোপদেশ ১৯:১৭)।২০১৩ সালের ব্রিটিশ নির্বাচনে, মুসলিমরা অন্য যে কোনও ধর্মের থেকে কল্যাণমূলক কাজের জন্য অধিক অর্থ দিয়েছিল।প্রার্থনা করুন যাতে খ্রীষ্টের প্রেম আপনাকে সংযত করে এবং আপনার হৃদয় এবং হাত অভাবী লোকদের জন্য মুক্ত করেন।

**৩০। রূপান্তরিত হন** – “...কিন্তু মনের নতুনীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও; যেন তোমরা পরীক্ষা করিয়া জানিতে পার, ঈশ্বরের ইচ্ছা কি...” (রোমীয় ১২:২)। আমরা খ্রীষ্টে বিশ্বাস দ্বারা পরিত্রাণ পেয়েছি। তাঁর পবিত্র আত্মা আমাদের মধ্যে বাস করে। শিষ্যত্বের প্রথম পাঠটি হচ্ছে নিজেকে অথবা মাংসিক আবেদনগুলিকে অস্বীকার করা। আত্মার প্ররোচনার বাধ্য হন। তাঁকে আপনাকে রূপান্তরিত করতে দিন।

**৩১। ধন্যবাদ দিন** – “সতত আনন্দ কর; অবিরত প্রার্থনা কর; সর্ব্ববিষয়ে ধন্যবাদ কর; কারণ খ্রীষ্ট যীশুতে ইহাই তোমাদের উদ্দেশে ঈশ্বরের ইচ্ছা” (১ থিষ ৫:১৬-১৭)।অনেক খ্রীষ্টানরা নিস্তেজ হয়ে যায় কারণ তারা কখনও খ্রীষ্টের প্রভুত্বের প্রতি সম্পূর্ণ আত্মসমর্পণ করে না।খ্রীষ্টের কাছে প্রার্থনা করুন যখন আপনি তাঁর কাছে আপনার ইচ্ছা সমর্পণ করছেন তখন তিনি যেন আপনার মধ্যে জীবনের উপচয়ের প্রতিজ্ঞাটি সম্পূর্ণ করেন।

.**যোগাযোগের জন্য:** ট্রান্স ওয়ার্ল্ড রেডিও ইণ্ডিয়া, পোস্ট ব্যাগ নং -১, পোস্টঃ জোকা কোলকাতা ৭০০১০৪,

মোবাইল: ৯৪৩৩৪৯৭২৩৫।

**You tube : TWR India Bengali**

ওয়েব সাইটঃ www.twr.in